দৈনিক
ইত্তেফাক

তারিখ ... JUL ০৩ 2006
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# খুলনা ভার্সিটির সাড়ে ১১ কোটি টাকার বাজেট অনুমোদন

॥ খুলনা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥

খুলনা বিশ্ববিদ্যালয়ের জন্য ২০০৬-০৭ অর্থ বছরের বাজেটে সাড়ে ১১ কোটি টাকা বরাদ্দের অনুমোদন দেয়া হয়েছে। বরাদ্দকৃত অর্থের অধিকাংশই ব্যয় হবে শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতা ও পেনশন খাতে।

বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ সূত্র জানায়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চলতি অর্থ বছরে সরকারের রাজস্ব খাত থেকে খুলনা বিশ্ববিদ্যালয়কে ১০ কোটি ৯৮ লাখ টাকা বরাদ্দ দিয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে আয় ধরা হয়েছে ৪৭ লাখ টাকা। মোট ১১ কোটি ৪৫ লাখ টাকার সংশোধিত বাজেট মঞ্জুরি কমিশন (ইউজিসি) থেকে অনুমোদিত হয়েছে। যা গত অর্থ বছরের তুলনায় ১ কোটি ৩ লাখ টাকা বেশি। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ২৪ কোটি ৭৫ লাখ ৫৮ হাজার টাকা চাহিদা সত্ত্বেও ১৩ কোটি টাকা কম বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত বাজেটে অধিকাংশ অর্থ ব্যয় হবে বেতন ভাতা ও পেনশন খাতে। এ ব্যাপারে বিদ্যালয় অর্থ হিসাব বিভাগের সহকারী পরিচালক (বাজেট) আনিসুর রহমান জানান, মোট বরাদ্দ থেকে বেতন ভাতা বাবদ ৭ কোটি ৩০ লাখ

(১৬শ পৃ: ২-এর ক: দ্র:)

## খুলনা ভার্সিটির

(১৩শ পৃঃ পর)

পেনশন বাবদ ৪০ লাখ এবং শিক্ষা ও অন্যান্য মঞ্জুরিখাতে ৩ কোটি ৭৫ লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।

উন্নয়ন খাত থেকে বিগত ২/৩ বছর ধরে এ বিশ্ববিদ্যালয়ের জন্য কোন বরাদ্দ না থাকায় রাজস্ব খাতের অর্থ দিয়ে অনেক কাজ সম্পাদন করার কথা বলেন তিনি। দপ্তর সূত্র জানায়, ভিসি বিদেশ থেকে ফিরলে আগামী সিনেট অধিবেশনে এবারের বাজেট পেশ করা হবে।